সেবা কার্যক্রম নির্দেশিকা

(Citizen Charter)

বাংলাদেশের পল্লী উন্নয়নে নিয়োজিত জাতীয় প্রতিষ্ঠান

- প্রশিক্ষণ
- গবেষণা
- প্রায়োগিক গবেষণা
- পরামর্শ সেবা

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

বগুড়া-৫৮৪২

বাংলাদেশ

পটভূমি ঃ

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া সার্বিক পল্লী উন্নয়নের লক্ষ্যে নিয়োজিত একটি গবেষণামূলক এবং প্রশিক্ষণ সেবা দানকারী জাতীয় প্রতিষ্ঠান। এই সেবা যাতে সংশ্লিষ্ট সেবা গ্রহণকারীগণ সহজে পেতে পারেন সেই লক্ষ্যে সিটিজেন চার্টার প্রণয়ন করা হল।

আমাদের পরিচিতি ঃ

এই একাডেমী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্ত একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে এই একাডেমী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে প্রতিষ্ঠালগ্ন থেকে পল্লীর সাধারণ মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন এবং দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে এই প্রতিষ্ঠান অঙ্গীকারাবদ্ধ। একাডেমীর সামগ্রিক কার্যক্রম ২২ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা বোর্ডের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/উপদেষ্টা বোর্ডের সভাপতি। একাডেমীর সাংগঠনিক কাঠামোতে ৪টি বিভাগ রয়েছে ঃ কৃষি বিজ্ঞান বিভাগ, সামাজিক বিজ্ঞান বিভাগ, প্রশাসন বিভাগ এবং প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন বিভাগ। বিভাগীয় প্রধান হিসাবে ৪ জন পরিচালক দায়িত্ব পালন করেন। নির্বাহী প্রধান হিসাবে আছেন মহাপরিচালক। মোট জনবল ৩০৪। এরমধ্যে ৬৩ জন প্রথম শ্রেণীর কর্মকর্তা।

আমাদের উদ্দেশ্য ও দায়িত্ব ঃ

- পশ্চাদপদ পল্লীর জনগোষ্ঠীকে স্বীয় চেষ্টায় উন্নয়নমুখী করার লক্ষ্যে মানসিকভাবে প্রস্তুত ও প্রশিক্ষিত করা।
- পল্লী উন্নয়নের কর্মপন্থা ও কৌশল নির্ধারণ করা।
- পল্লী উন্নয়নের লক্ষ্যে গবেষণা পরিচালনা ও এই কাজে নিয়োজিত সরকারী কর্মচারী ও অন্যান্যদেরকে প্রশিক্ষণ প্রদান করা।
- পল্লী উন্নয়নের কৌশল ও ক্রিয়া পদ্ধতির উপর পরীক্ষা ও তথ্যানুসন্ধান করা।
- পল্লী উন্নয়ন সম্পর্কিত কর্মসূচী ও কার্যাবলীর মূল্যায়ন করা এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে এ বিষয়ে পরামর্শ প্রদান ও নীতি নির্ধারণে সাহায্য করা।
- পল্লী উন্নয়ন বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যৌথ কর্মসূচী গ্রহণ এবং সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন করা।
- সরকারের অনুমোদনক্রমে পল্লী উন্নয়ন বিষয়ে ডিপ্লোমা কোর্স প্রবর্তণ করা।

আমাদের লক্ষ্য ঃ

- পল্লী উন্নয়ন বিষয়ে অর্জিত সাফল্যকে ধারণ করে সময়োপযোগী গবেষণা এবং নতুন নতুন লাগসই প্রযুক্তি ও কৌশল উদ্ভাবনের মাধ্যমে দারিদ্র বিমোচন করা।
- গ্রামীণ জনগোষ্ঠীকে কর্মে আগ্রহী ও আত্ম-নির্ভরশীল করার লক্ষ্যে উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহারে উৎসাহিত করা।

আমাদের সেবাসমূহ ঃ

প্রশিক্ষণ ঃ

(ক) এই একাডেমীতে নিজস্ব উদ্যোগে ও অর্থায়নে দুই ধরণের প্রশিক্ষণের আয়োজন করা হয় ঃ (১) পেশাগত দক্ষতা উন্নয়ন ও (২) সচেতনতা বৃদ্ধি।

- প্রতি বছর অনুষ্ঠিত বার্ষিক কর্মপরিকল্পনা সভায় প্রশিক্ষণের বিষয়সমূহ অনুমোদিত হয় এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কোর্সগুলি পরিচালিত হয়।
- এসব কোর্সে যে কোন উৎসাহী মহিলা/পুরুষ অংশ নিতে পারেন। এছাড়া একাডেমী পরিচালিত বিভিন্ন প্রকল্পের সুফলভোগীরাও এতে অংশ নিয়ে থাকেন।
- প্রশিক্ষণার্থীদের সরকারী ব্যয়ে আহার ও বাসস্থানের ব্যবস্থা করা হয়।
- কোর্স শুরুর পূর্বে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রশিক্ষণ বিভাগের নোটিশ বোর্ডেও বিজ্ঞপ্তি টাঙ্গিয়ে দেয়া হয়।

- বিজ্ঞপ্তির শর্ত পূরণ সাপেক্ষে এক কপি ছবি ও জীবন বৃত্তান্ত উল্লেখপূর্বক সাদা কাগজে আবেদন করা যায়। আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণ করে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়।

(খ) সরকারী-বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের অনুরোধে ও অর্থায়নে যৌথ উদ্যোগে পেশাগত প্রশিক্ষণ, অবহিতকরণ কোর্স, মাঠ সংযুক্তি, শিক্ষাসফর, কর্মশালা, সম্মেলন ইত্যাদি পরিচালনা করা হয়।

(গ) নির্ধারিত সার্ভিস চার্জ প্রদান করে বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান এই একাডেমীতে নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার ইত্যাদি আয়োজন করতে পারেন।

যোগাযোগঃ পরিচালক (প্রশিক্ষণ), ২ নং অনুষদ ভবনের ৩০৪ নং কক্ষ, টেলিফোন নম্বর ০৫১-৫১০০১/৭৮৬০২। একাডেমীর ওয়েব সাইটে এবং প্রধান ফটকে স্থাপিত তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রেও এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে ।

গবেষণা ঃ

- গবেষণা একাডেমীর অন্যতম বাধ্যতামূলক কার্যক্রম। গবেষণা কার্যক্রমের মূল উদ্দেশ্য পল্লী উন্নয়নের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ এবং গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে প্রায়োগিক গবেষণার কৌশল নির্ধারণ ও প্রশিক্ষণ উপকরণ তৈরীতে তা ব্যবহার করা।
- গবেষণা কার্যক্রম একাডেমীর রাজস্ব অর্থায়নে বা দাতা সংস্থা/প্রতিষ্ঠানের অর্থায়নে যৌথভাবে পরিচালনা করা হয়।
- বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের অনুরোধ ও অর্থায়নে বেজ লাইন সার্ভে, গবেষণা এবং মূল্যায়ন কাজ করা হয়।
- গবেষণালব্ধ প্রতিবেদন/প্রকাশনা একাডেমীর গ্রন্থাগারে সংরক্ষণ করা হয় এবং বিভিন্ন সংস্থায় প্রেরণ, বিনিময় ও নির্ধারিত মূল্যে বিক্রয় করা হয়।

যোগাযোগঃ পরিচালক (গবেষণা ও মূল্যায়ন), ২ নং অনুষদ ভবনের ২০৪ নং কক্ষ, টেলিফোন নম্বর ০৫১-৫১০০১/৭৮৬০২। একাডেমীর ওয়েব সাইটে এবং প্রধান ফটকে স্থাপিত তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রেও এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে।

প্রায়োগিক গবেষণা ঃ

- পল্লী উন্নয়নের জন্য লাগসই প্রযুক্তি ও কৌশল উদ্ভাবনের লক্ষ্যে একাডেমী প্রায়োগিক গবেষণা পরিচালনা করে থাকে।
- সেচ ও পানি ব্যবস্থাপনা, একাডেমী উদ্ভাবিত স্বল্প ব্যয়ের গভীর নলকূপের বহুমুখী ব্যবহার, শিল্প-কলকারখানায় ব্যবহার উপযোগী পানি ব্যবস্থাপনা, আর্সেনিকমুক্ত সুপেয় পানি সরবরাহ ইত্যাদি বিষয়ে গবেষণালব্ধ উদ্ভাবিত মডেল কার্যকর হয়েছে।
- প্রায়োগিক গবেষণায় অর্জিত সাফল্যের ধারাবাহিকতা রক্ষা এবং তা মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও জনপ্রিয় করার লক্ষ্যে একাডেমীতে "সেচ ও পানি ব্যবস্থাপনা কেন্দ্র (CIWM)" স্থাপন করা হয়েছে। যা একাডেমীর প্রশাসনিক নিয়ন্ত্রণে নিজস্ব আয় থেকে পরিচালনা করার ব্যাপারে ৩০তম বোর্ড সভায় অনুমোদন লাভ করে। এই কেন্দ্রের মাধ্যমে দেশব্যাপী এ ধরণের প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তাসহ সেবা প্রদান করা হচ্ছে।
- গ্রামের মহিলাদেরকে সংগঠিত করে কার্যকর গ্রামীণ পদ্ধতি প্রয়োগের মাধ্যমে বীজ সংরক্ষণ কৌশল উদ্ভাবন, সার ও কীটনাশক এর নিয়ন্ত্রিত ব্যবহার, গাছের রোগ চিকিৎসায় মহিলা প্লান্ট ডাক্তার তৈরী এবং এসংক্রান্ত কাজে মহিলাদের অংশগ্রহণের মাধ্যমে যোগাযোগ পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে উদ্ভাবিত মডেল কার্যকর হয়েছে।

যোগাযোগ (সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনা) ঃ পরিচালক CIWM, টেলিফোন ঃ ০৫১-৫১০০১/ ৭৮৬০২, ফ্যাক্স-০৫০২৯-৮৮২৬৮, ই-মেইল-mamatin633@gmail.com অথবা ciwmrdaorg@yahoo.com. একাডেমীর ওয়েব সাইটে এবং প্রধান ফটকে স্থাপিত তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রেও এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে ।

যোগাযোগ (বীজ ও শস্য সংরক্ষণ)ঃ জনাব একেএম জাকারিয়া, উপ-পরিচালক, টেলিফোনঃ ০৫১-৫১০০১/৭৮৬০২ ই-মেইলঃ rda_bg2003@yahoo.com. একাডেমীর ওয়েব সাইটে এবং প্রধান ফটকে স্থাপিত তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রেও এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে ।

প্রদর্শনী খামার ঃ

- গবেষণা ও প্রশিক্ষণের ব্যবহারিক ক্ষেত্র হিসাবে একাডেমীতে একটি সমন্বিত কৃষি খামার আছে। এই খামারের উৎপাদিত বিশুদ্ধ জাতের মানসম্পন্ন ফল, ফুল ও শস্যের চারা, কলম ও বীজ এবং মাছের পোনা বিক্রয় করা হয়। এছাড়া এখান থেকে গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা এবং কৃষি বিষয়ক তথ্য ও পরামর্শ সেবা প্রদান করা হয়।

যোগাযোগঃ ফার্ম ইন-চার্জ, টেলিফোনঃ ০৫১-৫১০০১/৭৮৬০২। একাডেমীর ওয়েব সাইটে এবং প্রধান ফটকে স্থাপিত তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রেও এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে ।

আমরা অঙ্গীকার করছি যে ঃ

- এই একাডেমীর কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা উন্নয়নের মাধ্যমে সেবামূলক মনোভাব বৃদ্ধির ব্যাপারে সচেষ্ট থাকব।
- জনগণের চাহিদা মোতাবেক বিধি অনুযায়ী যথাসম্ভব কম সময়ে সেবা প্রদানে সচেষ্ট থাকব।
- অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের দুর্ভোগ লাঘবে আবেদন প্রাপ্তির ৭ কার্য দিবসের মধ্যে পেনশন কেস নিষ্পত্তি করব।
- অফিসে সময়মতো উপস্থিতিসহ সার্বক্ষণিক নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালন করব।
- অফিসের পরিস্কার-পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিতকরণে সচেষ্ট হব।
- নিয়মিত তদারকি/পরিদর্শনের মাধ্যমে বিভিন্ন শাখার কর্মদক্ষতা বৃদ্ধির চেষ্টা করব।
- সাক্ষাৎ প্রার্থীদের বক্তব্য মনোযোগ সহকারে শুনে যথাসম্ভব কম সময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করব।

অভিযোগ ও নিষ্পত্তি ঃ

কোন সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে সরকারী বিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেয়ার প্রতিশ্রুতি প্রদান করছি। একাডেমীর তথ্য ও সেবা সহায়তা কেন্দ্রে স্থাপিত অভিযোগ বাক্সে অভিযোগ দাখিল করা যাবে। এছাড়া একাডেমীর অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলায়), টেলিফোন নং ০৫১-৭৮৬১৬ অথবা একাডেমীর পরিচালক প্রশাসন (প্রশাসনিক ভবনের নীচ তলায়), টেলিফোন নং- ০৫১-৫১০০১/৭৮৬০২ এর নিকট অভিযোগ দায়ের করা যেতে পারে।

ফোন ঃ ৮৮০-৫১-৫১০০১, ৭৮৬০২
ফ্যাক্স ঃ ৮৮০-৫১-৭৮৬০৩
ই-মেইল ঃ info@rda.gov.bd
ওয়েব সাইট ঃ www.rda.gov.bd